সংবাদ

তারিখ 26 MAY 2003
পৃষ্ঠা ১১ কলাম

# বাংলা ও ইংরেজিতে ৪৫% নম্বর বিষয়টি আলোচিত হয়েছে সিদ্ধান্ত হয়নি

## —বিপিএসসি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজি বিষয়ে পৃথকভাবে কমপক্ষে ৪৫% নম্বরধারী প্রার্থীদের বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে, এ বিষয়টি কেবল সরকারি কর্মকমিশনে আলোচিত হয়েছিল। আলোচিত বিষয়টি বার্ষিক প্রতিবেদন ২০০২-এ উল্লেখ করা হয়। ব্যাপারে সরকারের কাছে কোন আনুষ্ঠানিক প্রস্তাব পেশ করা হয়নি এবং কোন সিদ্ধান্তও গ্রহণ করা হয়নি। সরকারি কর্মকমিশন আশা করছে, এরপর এ সংক্রান্ত সকল বিভ্রান্তি নিরসন হবে। তথ্য বিবরণী।